ভারতের প্রথম আদিবাসী নারী প্রেসিডেন্ট হতে যাচ্ছেন দ্রৌপদী মুর্মু

চেম্বার ডেস্ক:: ভারতের পরবর্তী প্রেসিডেন্ট বেছে নেওয়ার জন্য সোমবার ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে ৯৯.১৮ শতাংশ ভোট পড়েছে বলে জানিয়েছেন রিটার্নিং কর্মকর্তা। প্রেসিডেন্ট নির্বাচনে এগিয়ে আছেন বিজেপির জোট ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্স–এনডিএ প্রার্থী দ্রৌপদী মুর্মু।

দেশটির প্রথম আদিবাসী নারী এবং ১৫ তম প্রেসিডেন্ট হতে যাচ্ছেন তিনি। দেশটির এমপি এবং বিধায়কদের ভোটে তার জয় প্রায় নিশ্চিত বলে গণমাধ্যমের প্রতিবেদনে জানা গেছে।

ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের মেয়াদ শেষ হচ্ছে ২৪ জুলাই। দেশটির সংবিধানের ৬২ অনুচ্ছেদ অনুযায়ী এ পদ পূরণ করতে সোমবার (১৮ জুলাই) নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

এনডিএ মনোনীত প্রার্থী দ্রৌপদী মুর্মু আজকের নির্বাচনে যশবন্ত সিনহার থেকে অনেকটাই এগিয়ে আছেন বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

রাজনৈতিক দলগুলির ঘোষণা মতে, প্রায় ৬০ শতাংশ ভোট পেতে পারেন দ্রৌপদী মুর্মু। প্রসঙ্গত, রাষ্ট্রপতি নির্বাচনে জিততে ন্যূনতম ৫০ শতাংশের বেশি ভোট পেতে হয়। অবশ্য বিজেপির হিসাব অনুযায়ী, তিনি মোট ভোটের অন্তত ৬২ শতাংশ ভোট পেয়ে জিততে চলেছেন।

সংবিধানের ৫৪ অনুচ্ছেদ অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচনে ইলেক্টোরাল কলেজ পদ্ধতিতে ভোটগ্রহণ হয়ে থাকে।

আগামী ২১ জুলাই ভোট গণনা হবে। বর্তমান রাষ্ট্রপতির মেয়াদ শেষ হলে ২৫ জুলাই শপথ নেবেন নতুন রাষ্ট্রপতি।

উল্লেখ্য, বিভিন্ন রাজ্যে বিধায়কদের ভোটের মূল্যায়ন একেক রকম হয়। উত্তরপ্রদেশে প্রতিটি বিধায়কের ভোটের মূল্যায়ন ২০৮, তার পরে ঝাড়খণ্ড এবং তামিলনাড়ুতে বিধায়কদের ভোটের মূল্যায়ন ১৭৬। মহারাষ্ট্রে, এটি ১৭৫, পশ্চিমবঙ্গে ১৫১। এদিকে সিকিমে প্রতি

বিধায়কের ভোটের মূল্যায়ন সাত, নাগাল্যান্ডে এটি নয় এবং মিজোরামে আট।